




ঢাকা উত্তর সিটি কর্পোরেশন

সামান্যমত জমা পানিতেও মশা জন্মায়, তাই খোলা পাত্রে
পানি জমতে দেবেন না



- বাসা বাড়ি, অফিস, ব্যবসাকেন্দ্র ইত্যাদির কোথাও পানি জমতে দেবেন না এবং জমে থাকা পানি নিয়মিতভাবে পরিষ্কার করুন
- ফুলের টব, পাস্টিকের পাত্র, পরিত্যক্ত টায়ার, পরিত্যক্ত কমোড, পানির বালতি, পানির মটকা, ডিসপোজেবল পাস্টিক/কাপ/বাটি, চিপস্ এর প্যাকট ও যেকোন পরিত্যক্ত পাত্রের জমে থাকা পানিতে এডিস মশা যেন মশা বংশ বিস্তার না করে সেদিকে নজর রাখুন
- ছাদ বাগান, বারান্দা ও আঙ্গিনার টবসমূহে যেন পানি জমতে না পারে তা নিশ্চিত করুন
- পরিত্যক্ত পাত্র সরিয়ে ফেলুন/ডিল্টে রাখুন এবং নিয়মিত ঘষে পরিষ্কার রাখুন
- নির্মাণাধীন বাড়ি এডিস মশার অন্যতম বংশবিস্তারের স্থান, এ ব্যাপারে নির্মাণ শ্রমিকদের সচেতন ও নির্দেশনা প্রদান করুন
- নির্মাণাধীন ভবনে লিফট স্থাপনের পূর্ব পর্যন্ত গর্তটি বালি দিয়ে ভরাট করে রাখুন
- বাড়ির বেজমেন্ট এ জমে থাকা পানি নিয়মিত পরিষ্কার করুন
- ওয়াসার পানির মিটারে জমে থাকা পানিতে প্রতিমাসে একবার ডিএনসিসি কর্তৃক বিনামূল্যে সরবরাহকৃত নোভালিউরোন নামক কীটনাশক ট্যাবলেট প্রয়োগ করুন
- দিনে বা রাতে ঘুমানোর সময় মশারি ব্যবহার করুন এবং যতদূর সম্ভব সমস্ত শরীর ঢাকা থাকে এমন পোষাক পরিধান করুন
- এসময়ে (জুলাই-ডিসেম্বর) জ্বর হলে ডাক্তারের পরামর্শ অনুযায়ী ডেঙ্গু টেস্টের রক্ত পরীক্ষা ও চিকিৎসা গ্রহণ করুন
- ডেঙ্গু মৌসুমে বিশেষভাবে গর্ভবতী মা, বয়স্ক ব্যক্তি ও শিশুদের জ্বর আসলে অবশ্যই ডেঙ্গু পরীক্ষা করুন
- ঢাকা উত্তর সিটি কর্পোরেশন এর নগর স্বাস্থ্যকেন্দ্র সমূহে বিনামূল্যে ডেঙ্গু পরীক্ষার সুযোগ গ্রহণ করুন। আপনার নিকটবর্তী স্বাস্থ্য কেন্দ্রের ঠিকানা পেতে ভিজিট করুন- www.dncc.gov.bd
- ডেঙ্গু সম্পর্কিত তথ্য জানতে ডিএনসিসি'র হটলাইন ১৬৯০৬ নম্বরে যোগাযোগ করুন
- ডেঙ্গু এবং এডিস মশার বিষয়ে নিজে সচেতন হউন এবং আশেপাশের অন্যদের সচেতন করুন



ডেঙ্গু প্রতিরোধে আমরা পাশে আছি, আপনিও এগিয়ে আসুন।

